অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/4/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 সালের COVID-19 জরুরি উচ্ছেদ এবং ফোরক্লোজার প্রতিরোধ আইন এবং 2021 সালের COVID-19 জরুরি অবস্থা আমাদের ক্ষুদ্র ব্যবসা রক্ষা আইন সম্প্রসারণ করার জন্য স্বাক্ষর করেছেন

আইন (S.6362-A/A.7175-A) 31 আগস্ট, 2021 পর্যন্ত যারা অর্থনৈতিক দুরবস্থার ঘোষণা পত্র দাখিল করছেন তাদের জন্য COVIDসম্পর্কিত আবাসিক ও বাণিজ্যিক উচ্ছেদ এবং ফোরক্লোজার প্রসিডিংসের উপর স্থগিতাদেশ প্রসারিত করে

COVID-19 কারণে অর্থনৈতিক কষ্টের মধ্যে থাকা ভাড়াটে এবং বাড়ির মালিকদের রক্ষা করতে নিউ ইয়র্ক রাজ্যের প্রচেষ্টায় যোগদান করেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 2020 সালের COVID-19 জরুরি উচ্ছেদ এবং ফোরক্লোজার প্রতিরোধ আইন এবং 2021 সালের COVID-19 জরুরি অবস্থা আমাদের ক্ষুদ্র ব্যবসা রক্ষা আইন সম্প্রসারণ করার জন্য স্বাক্ষর করেছেন। এই আইন (S.6362-A/A.7175-A) 31 আগস্ট, 2021 পর্যন্ত COVID-19 মহামারী সম্পর্কিত আবাসিক এবং বাণিজ্যিক উচ্ছেদ, ফোরক্লোসার প্রক্রিয়া, ঋণের বৈষম্য এবং নেতিবাচক ক্রেডিট রিপোর্টিং প্রতিরোধ করে। আইনটি নিউ ইয়র্ক স্টেটের ভাড়াটে এবং বাড়ির মালিকদের অর্থনৈতিক কষ্ট থেকে রক্ষা করার প্রচেষ্টাকে আরও বাড়িয়ে দিয়েছে যা COVID-19 মহামারীর ফলে সৃষ্ট এবং মহামারীর গতিপথে একটি জটিল সময়ে হয়েছিল যখন রাষ্ট্র জনসমাবেশ এবং ব্যবসায়ের উপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিতে শুরু করে।

"যখন আমরা COVID-19 টানেলের শেষে আলোর কাছে যাচ্ছি, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা নিউ ইয়র্কের ভাড়াটে এবং ব্যবসায়িক মালিক উভয়কেই রক্ষা করে চলেছি যারা এই পুরো মহামারী জুড়ে প্রচণ্ড কষ্টের সম্মুখীন হয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "এই আইনটি সম্প্রসারিত করা নিশ্চিত করতে সাহায্য করবে যে দুর্বল নিউ ইয়র্কবাসী এবং ব্যবসায়িক মালিকরা যারা তাদের নিজেদের কোন দোষ ছাড়াই উচ্ছেদের মুখোমুখি হচ্ছে তারা তাদের বাড়ি ঘর এবং ব্যবসা রাখতে সক্ষম হবে কারণ আমরা পুনরুদ্ধারের পথে অব্যাহত আছি এবং আমাদের অর্থনীতিকে আগের চেয়ে আরও ভালভাবে গড়ে তুলতে শুরু করেছি।"

সিনেট হাউজিং কমিটির চেয়ার এবং বিল স্পনসর ব্রায়ান কাভানাহ্ বলেছেন: "নিউ ইয়র্কের COVID-19 সংখ্যা সারা রাজ্যে একগুঁয়েভাবে বেশি রয়েছে এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে উচ্ছেদ এবং ফোরক্লোজার স্থগিতাদেশের মতো জনস্বাস্থ্য ব্যবস্থা আমাদের প্রয়োজন, এবং শেষ পর্যন্ত

যত তাড়াতাড়ি সম্ভব এই ভয়াবহ মহামারী অতিক্রম করতে হবে। সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল (Centers for Disease Control, CDC) বিশেষভাবে দেখেছে যে উচ্ছেদের অনুমতি COVID-19 এর বিস্তার বাড়ায় এবং নিউ ইয়র্কের কাজের মতো স্থগিতাদেশ আইন সংক্রমণ রোধ করে। প্রত্যেকের বসবাসের জন্য একটি স্থিতিশীল, নিরাপদ জায়গায় প্রবেশাধিকার নিশ্চিত করা সর্বদা অগ্রাধিকার, তবে এটি এখনকার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ কখনো ছিল না।"

অ্যাসেম্বলিম্যান জেফরি ডিনোউইৎজ বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে বিধানসভা এই গুরুত্বপূর্ণ আইনটি পাস করেছে যা মানুষকে তাদের বাড়িতে এবং ছোট ব্যবসায়ের মালিকদের তাদের দোকানে রাখতে সহায়তা করবে। এটি জীবন পরিবর্তনকারী আইন যা নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স (New York State Office of Temporary and Disability Assistance, OTDA) এবং অন্যান্য প্রাসঙ্গিক এজেন্সিগুলিকে তাদের জন্য কোটি কোটি মার্কিন ডলারের রাষ্ট্রীয় এবং ফেডারেল তহবিল বিতরণ করার জন্য আরও সময় দেয় যাদের এটি প্রয়োজন। আমরা এখনও বিশ্বব্যাপী মহামারী এবং আমাদের জীবদ্দশায় সবচেয়ে খারাপ অর্থনৈতিক সংকটের মধ্যে রয়েছি। আমি বিশ্বাস করি বর্তমান স্থগিতাদেশটি শেষ হতে দেওয়া অনৈতিক হবে। এই আইন প্রাণ বাঁচাবে।"

পূর্বে প্রণীত আইনটি মহামারীর কারণে উচ্ছেদের মুখোমুখি আবাসিক এবং বাণিজ্যিক উভয় ভাড়াটেকে এবং ফোরক্লোজার প্রক্রিয়ায়র মুখোমুখি বন্ধকদাতাদের সাহায্য করে:

আবাসিক উচ্ছেদ

এই আইন COVID-সম্পর্কিত কষ্টে পরা ভাড়াটেদের জন্য 1 আগস্ট 2021 পর্যন্ত আবাসিক উচ্ছেদের উপর স্থগিতাদেশ জারি করেছে। উচ্ছেদ প্রতিরোধের জন্য ভাড়াটেদের অবশ্যই একটি কষ্টের ঘোষণাপত্র বা একটি দলিল জমা দিতে হবে যা কষ্টের উৎসের ব্যাখ্যা করে। বাড়িওয়ালারা সেই সব ভাড়াটেদের উচ্ছেদ করতে পারেন যারা অন্যান্য ভাড়াটেদের জন্য নিরাপত্তা বা স্বাস্থ্যের ঝুঁকি তৈরি করছেন, এবং সেই সব ভাড়াটেদের যারা কষ্টের ঘোষণাপত্র জমা দেন না।

আবাসিক ফোরক্লোসার প্রক্রিয়া

এই আইন 1 আগস্ট 2021 পর্যন্ত আবাসিক ফোরক্লোসার প্রক্রিয়ার উপরেও সাময়িক স্থগিতাদেশ জারি করেছে। বাড়ির মালিক এবং ছোট আকারের বাড়িওয়ালারা যারা 10 বা তার কম আবাসিক বাড়ির মালিক তাদের বন্ধকী ঋণদাতা, অন্যান্য ফোরক্লোজিং পার্টি বা আদালত, যা একটি ফোরক্লোসার প্রতিরোধ করতে পারে, তার কাছে একটি কষ্টের ঘোষণাপত্র দাখিল করতে পারেন।

বাণিজ্যিক উচ্ছেদ:

এই আইন COVID-সম্পর্কিত কষ্টে পরা বাণিজ্যিক ভাড়াটেদের জন্য 1 আগস্ট 2021 পর্যন্ত উচ্ছেদের উপর স্থগিতাদেশ জারি করেছে। আইনটি 50 জনের কম কর্মচারী সহ ছোট ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য যা আর্থিক কষ্ট প্রদর্শন করে। উচ্ছেদ প্রতিরোধের জন্য ভাড়াটেদের অবশ্যই একটি কষ্টের ঘোষণাপত্র বা একটি দলিল জমা দিতে হবে যা কষ্টের উৎসের ব্যাখ্যা করে।

বাণিজ্যিক ফোরক্লোজার প্রসিডিংস:
এই আইন 1 আগস্ট 2021 পর্যন্ত বাণিজ্যিক ফোরক্লোসার প্রক্রিয়ার উপরে সাময়িক স্থগিতাদেশ জারি করেছে।

ট্যাক্স লিয়েন সেলস
এই আইন স্থানীয় সরকারগুলিকে অন্তত 1 আগস্ট 2021 পর্যন্ত ট্যাক্স লিয়েন সেল বা কর ফোরক্লোসারে জড়িত হওয়া প্রতিরোধ করে। এলাকার প্রদেয় অর্থ প্রদান এখনো বকেয়া আছে।

ক্রেডিট বৈষম্য এবং নেতিবাচক ক্রেডিট রিপোর্টিং
ঋণদানকারী প্রতিষ্ঠানগুলোর ঋণ চাওয়া সম্পত্তির মালিকের প্রতি বৈষম্যমূলক ব্যবহার করা নিষিদ্ধ কারণ সম্পত্তির মালিককে বন্ধকী ফোরক্লোসার প্রক্রিয়া, ট্যাক্স ফোরক্লোসার প্রক্রিয়া বা ট্যাক্স লিয়েন সেলের উপর স্থগিতাদেশ প্রদান করা হয়েছে। এছাড়াও তাদের বৈষম্যমূলক ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে যেহেতু মালিকের এখনো ধার বাকি আছে এবং ঋণদাতার কাছে একটি কষ্টের ঘোষণাপত্র দাখিল করেছেন।

গরিষ্ঠ নাগরিকের গৃহমালিক অব্যাহতি এবং অক্ষম গৃহমালিকের অব্যাহতি
স্থানীয় সরকারগুলিকে 2020 সালের মূল্যায়ন তালিকা থেকে 2021 সালের মূল্যায়ন তালিকায় একই পর্যায়ে গরিষ্ঠ নাগরিকের গৃহমালিকের অব্যাহতি (Senior Citizens' Homeowner Exemption, SCHE) এবং অক্ষম গৃহমালিকের অব্যাহতি (Disabled Homeowner Exemption, DHC) অব্যাহতি ক্যারি ফরওয়ার্ড করতে হবে। এছাড়াও 2021 সালে যারা বৃহত্তর অব্যাহতি পাওয়ার যোগ্য তাদের জন্য নবায়ন আবেদন পত্র প্রদান করতে হবে তাদের। এছাড়াও এলাকাগুলি এমন প্রক্রিয়া স্থাপন করতে পারে যার মাধ্যমে মূল্যায়নকারীরা সেই সমস্ত ব্যক্তিদের কাছ থেকে পুনর্নবীকরণের আবেদন আবশ্যক করতে পারেন, যাদের তারা বিশ্বাস করেন যে 2021 সালে আর অব্যাহতি পাওয়ার যোগ্য নাও হতে পারেন। অব্যাহতি প্রাপকদের সশরীরে নবায়নের আবেদন দাখিল করতে হবে না।

গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় কোনো ভাড়াটেকে উচ্ছেদ করা হবে না তা নিশ্চিত করতে গভর্নর কুওমো প্রথম 20 মার্চ আবাসিক এবং বাণিজ্যিক উচ্ছেদের উপর রাজ্যের একটি স্থগিতাদেশ ঘোষণা করেন। গভর্নর 30 জুন টেনেন্ট সেফ হারবার অ্যাক্টে স্বাক্ষর করেন যা অবিলম্বে কার্যকর হয় এবং সেই সাথে অতিরিক্ত আইনে স্বাক্ষর করেন যা আবাসিক ভাড়াটে এবং বাড়িওয়ালাদের আর্থিক সহায়তা প্রদান করে। উপরন্তু, পূর্ববর্তী নির্বাহী আদেশ দেরিতে ভাড়া পরিশোধের জন্য চার্জ বা ফি নিষিদ্ধ করেছে, এবং আর্থিক কষ্টের সম্মুখীন ভাড়াটেরা এখনও তাদের সিকিউরিটি ডিপোজিট পরিশোধ হিসেবে ব্যবহার করতে পারেন এবং সময়ের সাথে সাথে তাদের সিকিউরিটি ডিপোজিট আবার পরিশোধ করতে পারেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন